

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd
(প্রশাসন শাখা)

স্মারক নং- ৫৬.০৮.০০০০.০০৮.২৩.০০৭.১৯(অংশ-১)- ১৮৪৬

ডিজিটাল & ডাইমেচিয়াল সরকার
প্রকার পরিচয় প্রক্রিয়াজ সমন্বয় এবং উন্নয়ন
কেন্দ্রীয় প্রশাসন প্রযোজন মন্ত্রণালয়

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯” অনুষ্ঠানে আমন্ত্রণ এবং সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি'র সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নামামূর্তী কার্যক্রম পরিচালনায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও আইসিটি ভিত্তিক উন্নয়ন প্রতিষ্ঠায় বাংলাদেশের অর্জিত সাফল্য ও আউটসোর্সিং খাতে দেশের সক্ষমতা বহির্বিশ্বের কাছে তুলে ধরা, দেশের অর্থনৈতিক সম্ভাবনাকে কাজে লাগানো, জিডিপি প্রবৃদ্ধি ইত্যাদি বিষয়েও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কাজ করে যাচ্ছে।

০২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে দেশব্যাপী বর্ণাত্যভাবে দেশে ও বিদেশে ৩য় বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্ঘাপিত হবে। উল্লেখ্য ২০০৮ সালের ১২ ডিসেম্বর তারিখে বর্তমান সরকারের রূপকল্প ২০১১ তথা “ডিজিটাল বাংলাদেশ” ঘোষণার মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এ দিবসটির গুরুত্ব ও তৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে “ডিজিটাল বাংলাদেশ দিবস” হিসেবে পালনের অনুমোদন দেয়। তথ্যপ্রযুক্তির আধুনিকতা সামাজিক যোগাযোগ মাধ্যমটি আমাদের জীবনের অনুষঙ্গ। সাইবার স্পেসে সত্য-মিথ্যা যাচাই না করে অনেকেই তথ্য প্রযুক্তির অপব্যবহার করছে। এজন্য, ডিজিটাল লিটারেসি ও নেতৃত্বকা বাড়ানো প্রয়োজন এবং এ সংক্রান্ত সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের নিয়ন্ত্রণ প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে:

সত্য-মিথ্যা যাচাই আগে
ইন্টারনেটে শেয়ার পরে

০৩। দিবসটি উদযাপন উপলক্ষ্যে সংশ্লিষ্ট জেলা ও উপজেলা পর্যায়ে বর্ণাত্য র্যালী এবং সেমিনার অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে দিবসটি সুচারুভাবে এবং বর্ণাত্যভাবে উদযাপনের নিমিত্ত অত্র অধিদপ্তর হতে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগন বরাবর নির্দেশিকা প্রেরণ করা হয়েছে। আপনার সক্রিয় অংশগ্রহণ এবং সহযোগিতা উক্ত অনুষ্ঠানসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সর্বোপরি আপনার উপস্থিতি সকলকে অনুপ্রাণিত করবে।

০৪। এমতাবস্থায়, “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯” দিবসটিকে প্রাণেজ্বল, ফলপ্রসূ ও অর্থবহ করার লক্ষ্যে আপনার সক্রিয় অংশগ্রহণসহ উক্ত অনুষ্ঠানসমূহ সুষ্ঠুভাবে সম্পর্কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

(এ. বি. এম. আরশাদ হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ও

সদস্য সচিব, ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯ উদযাপন

ফোন: +৮৮০ ২ ৮১৮১১০০

ইমেইল: dg@doict.gov.bd

জনাব.....
মেয়র (সকল)

অনলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

- ১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
 - ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (প্রতিমন্ত্রী
মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 - ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
(সিনিয়র সচিব মহোদয়ের মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 - ৪। অফিস কপি/ মাস্টার ফাইল।